গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩২.২০৩.১৯- ৮৫৮

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ / ৩১ জুলাই ২০২৩

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ৪৪৭, তারিখ: ২২/০৬/২০২৩ খ্রি.
(২) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৭৯৫, তারিখ: ৩০/০৭/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ০২-৯৫৭৫৫৭২
E-mail: lgpaura2@lgd.gov.bd


মেয়র/প্রশাসক (সকল)
......................পৌরসভা
জেলা:........................।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

প্রশাসন-১ শাখা
স্থানীয় সরকার বিভাগ।

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ৪৪৭, তারিখ: ২২/০৬/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৮ (আট) পাতা।

পিন্টু বেপারী
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

**বিতরণ (কার্যার্থে):**

০১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ;
০২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
০৩. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
০৪. সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
০৫. সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):
০১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
০২. অফিস কপি/গার্ড ফাইল।

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৬.২২-৭৯৫

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪৩০ / ৩০ জুলাই ২০২৩

*F/Amzad file 2023/Uo Note*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ | : ০৭ জুন ২০২৩ |
| সময় | : সকাল ১০:০০ টা |
| স্থান | : মন্ত্রিপরিষদ কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভাপতি | : মোঃ মাহবুব হোসেন<br>মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব (সাধারণ) জনাব মোঃ সাজ্জাদুল হাসান প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশে ও প্রবাসে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | (ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও দপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং আলোচনা সভার আয়োজন করা হবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | সহায়ক কার্যক্রম : | |
| | (ক) বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং জাতীয় পতাকা ব্যবহার বিষয়ে ব্যাপক প্রচার করবে। | (ক) বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন করবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রচারের জন্য আগামী ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে যাবতীয় সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী (সফ্টকপিসহ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করবে। | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| ২. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৬:৩০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত। | |
| | <u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণ, অনার গার্ড প্রদান, পবিত্র কোরআন তেলাওয়াত এবং মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| | (গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি রাখা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০২৩ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | (গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ |
| | (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। | (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ |
| | (ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা অনুষ্ঠান উপযোগী করে প্রস্তুত রাখা এবং লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে। | (ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক, ঢাকা এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| | (চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে। | (চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং গণযোগাযোগ অধিদপ্তর |
| | (ছ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | (ছ) স্থানীয় সরকার বিভাগ |
| | (জ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত খাবার স্যালাইনের ব্যবস্থা রাখতে হবে। | (জ) স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ টায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পন এবং ফাতেহা পাঠ ও মোনাজাত। | |
| | <u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পন এবং পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |

২/৮

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ |
| | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা অনুষ্ঠান উপযোগী করে প্রস্তুত রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| | (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। | (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ |
| | (চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে। | (চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং গণযোগাযোগ অধিদপ্তর |
| | (ছ) বনানী কবরস্থানে মাননীয় প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি দেওয়ার সময় অনুষ্ঠানস্থলে স্থানীয় নেতৃবৃন্দসহ সাধারণের প্রবেশ বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ছ) সশস্ত্র বাহিনী বিভাগ ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ |
| | (জ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | (জ) স্থানীয় সরকার বিভাগ |
| | (ঝ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত খাবার স্যালাইনের ব্যবস্থা রাখতে হবে। | (ঝ) স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৪. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br>সহায়ক কার্যক্রম: | |
| | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ অনার গার্ড প্রদান ও পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ |
| | (খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ প্রয়োজনীয় পুষ্পস্তবক সরবরাহ করবে। | (খ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| | (গ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ ফাতেহা পাঠ ও মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করবে। | (গ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| | (ঘ) পুলিশ সুপার, গোপালগঞ্জ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (ঘ) পুলিশ সুপার, গোপালগঞ্জ |
| | (ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন। | (ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ |
| | (চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থল যথাযথভাবে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করবে। | (চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| | (ছ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানি ও স্যালাইনের ব্যবস্থা রাখতে হবে। | (ছ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ |
| ৫. | (ক) টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন। | (ক) জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| | (খ) বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভা আয়োজন। | (খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/স্ব স্ব প্রতিষ্ঠান |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (গ) ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ, বনানী কবরস্থান ও টুঙ্গিপাড়ায় আয়োজিত অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | (গ) জননিরাপত্তা বিভাগ |
| ৬. | (ক) সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।<br><br>(খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করবে এবং ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ফাউন্ডেশনের সকল দপ্তরে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ-নাত, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৭. | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠানমালা প্রচার।<br><u>সহায়ক কার্যক্রম:</u><br>বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল ও কমিউনিটি রেডিও যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং কমিউনিটি রেডিও |
| ৮. | (ক) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ করতে হবে।<br><br>(খ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক পোস্টার মুদ্রণ করে বিতরণ করতে হবে।<br><br>(গ) বঙ্গবন্ধুর উপর প্রামাণ্য চলচ্চিত্র সকল জেলা/উপজেলায় প্রদর্শন করতে হবে।<br><br>(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচ্চিত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br><br>(ঙ) জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সারাদেশে গৃহীত কর্মসূচির ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর<br><br>(খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর<br><br>(গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>(ঘ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন<br><br>(ঙ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ৯. | জাতীয় শোক দিবসের তাৎপর্য উল্লেখ করে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সকল মোবাইল গ্রাহককে ক্ষুদে বার্তা প্রেরণ করবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন |
| ১০. | শিক্ষা প্রতিষ্ঠান ও শিশু একাডেমি বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুরোধের পরিপ্রেক্ষিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর উক্ত অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা |

৪/৮

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | প্রদান করতে পারে। | বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ও মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি |
| ১১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তর |
| | <u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা, কারিগরি স্কুল অ্যান্ড কলেজ, মেডিকেল কলেজ এবং সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। | (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন |
| | (খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে আলোকচিত্র প্রদর্শনী, নিরীক্ষা, নবারুণ, সচিত্র বাংলাদেশ ও বাংলাদেশ কোয়ার্টারলির বিশেষ সংখ্যা প্রকাশ, স্মরণিকা ও বিশেষ নিবন্ধ প্রকাশ, আলোচনা সভা ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে। গণযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দযন্ত্র সরবরাহ করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ আগস্ট মাসব্যাপি প্রচারের ব্যবস্থা করবে এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং সকল বেসরকারি টেলিভিশন ও রেডিও আগস্ট মাসের শুরুতেই বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে শোক দিবসের কর্মসূচি পালন শুরু করবে। | (খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, পিআইডি, বাসস, পিআইবি, বিএফডিসি, ডিএফপি ও কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর |
| | (গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | (গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | (ঘ) সমাজকল্যাণ মন্ত্রণালয় তার অধীনস্থ সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সরকারি শিশু পরিবারসহ অন্যান্য সংস্থা, দপ্তর ও প্রতিষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে। এনজিও-এর মাধ্যমে পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে এবং এনজিও বিষয়ক ব্যুরো যথাযথভাবে মনিটরিং করবে। | (ঘ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো |
| | (ঙ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | (ঙ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| | (চ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন, ঢাকা |
| | (ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | (ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | (জ) জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২৩ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | (জ) সকল মন্ত্রণালয়/বিভাগ |
| | (ঝ) মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে যেসকল এনজিও কার্যক্রম পরিচালনা করে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য উক্ত এনজিওদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | (ঝ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ১২ | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। প্রস্তুতি সভা করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/বিভাগ (সকল), সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ, বিভাগীয় কমিশনার (সকল)<br>জেলা প্রশাসক (সকল),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | (খ) জাতীয় শোক দিবসের সামগ্রিক প্রস্তুতি পর্যালোচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের সঙ্গে ভিডিও কনফারেন্স করবে এবং টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচিসমূহ বিভাগীয় কমিশনার, ঢাকা ও অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বয় করবেন। | (খ) অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার, ঢাকা |
| | (গ) জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | (গ) স্থানীয় সরকার বিভাগ |
| ১৩. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, আমার পিতা শেখ মুজিব ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে রাখতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৪. | জাতীয় শোক দিবসের কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করবে:<br>ক) ঢাকার ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি;<br>খ) ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি; এবং<br>গ) আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ সংক্রান্ত কমিটি। | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১৫. | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার ধানমন্ডি ও টুঙ্গিপাড়ার অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করবে। উক্ত সম্প্রচার কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার জন্য বিটিসিএল-এর কানেকটিভিটি সচল রাখতে হবে এবং উক্ত দু'টি অনুষ্ঠানস্থলে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের জন্য প্রয়োজনীয় স্থান রাখতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ১৬. | জাতীয় শোক দিবসে প্রচারের জন্য প্রস্তুতকৃত সকল ভিডিওতে ইংরেজি সাব-টাইটেল সংযুক্ত করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ১৭. | সরকারি সকল ওয়েবসাইটে আগস্ট মাসব্যাপী প্রদর্শনের জন্য একই ডিজাইনের ওয়েবব্যানার প্রস্তুত করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ১৮. | 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং জেলা প্রশাসক (সকল) |
| ১৯. | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান |
| ২০. | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এসবি পাস সংগ্রহ করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| ২১. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ ও স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ |

৩। আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা অনুষ্ঠিত হবে।

৪। সভাপতি জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১১/৬/২০২৩
মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.২৩.৪৪৬

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৫. রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা।
৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ।
৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর।
১০. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. বিভাগীয় কমিশনার (সকল)।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৬. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।
১৭. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর।
১৮. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।
১৯. জেলা প্রশাসক (সকল)।
২০. পুলিশ সুপার, গোপালগঞ্জ জেলা।
২১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে

১. সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৩. সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

২২/০৬/২০২৩

রুবাইয়াৎ-ই-আশিক
উপসচিব
ফোন: ৫৫১০০৯৭১
মোবাইল: ০১৫৫০০৫২২৭৭